

Agreement between MEA and BMVSS for 'India for Humanity' project extended

August 05, 2020

পররাষ্ট্র বিষয়ক মন্ত্রক এবং “ভগবান মহাবীর বিকলাঙ্গ সহায়ক সমিতি” (বিএমভিভিএস)-এর মধ্যে ‘মানবতার জন্য ভারত’ প্রকল্পের চুক্তির মেয়াদ বৃদ্ধি করা হল।

অগাস্ট 05, 2020

মহাত্মা গান্ধীর জন্মের সার্বশতবর্ষ উদযাপন উপলক্ষ্যে 9 ই মে, 2018 তারিখে, পররাষ্ট্র বিষয়ক মন্ত্রক (এমইএ) ‘মানবতার জন্য ভারত’ উদ্যোগটি শুরু করেছিল। মহাত্মা গান্ধীর মানবতার প্রতি সহানুভূতি, যত্ন এবং পরিষেবার দর্শনের উপরে এই উদ্যোগের দৃষ্টনিবন্ধ ছিল। এই উদ্যোগ অনুসারে 12টি দেশে 13টি কৃত্রিম অঙ্গ প্রতিস্থাপন শিবিরের আয়োজন করা হয়েছিল, যেখানে 6500-এরও বেশী কৃত্রিম অঙ্গ প্রতিস্থাপিত করা হয়েছিল। এই শিবিরগুলি সম্পূর্ণরূপে আর্থিকভাবে পোষিত হয়েছিল পররাষ্ট্র বিষয়ক মন্ত্রক দ্বারা এবং একে বাস্তবায়িত করেছিল খ্যাতনামা দাতব্য প্রতিষ্ঠান “ভগবান মহাবীর বিকলাঙ্গ সমিতি” (বিএমভিএসএস)।

2. মালাবি, ইরাক, নেপাল, ইজিপ্ট, বাংলাদেশ, ইথিওপিয়া, সিরিয়া ইত্যাদির মত দেশগুলিতে যেখানে এই শিবিরের আয়োজন করা হয়েছিল সেইসব দেশগুলি থেকে এই শিবির ভারতের জন্য সুনাম অর্জন করেছে। এই শিবিরের লক্ষ্য হল, অঙ্গহানি হওয়া মানুষদের গতিশীলতা এবং মর্যাদা ফিরে পাবার ক্ষেত্রে সাহায্য করে তাদের শারীরিক, অর্থনৈতিক এবং সামাজিক পুনর্বাসন দেওয়া, যাতে তারা সমাজের আত্মসম্মানিত এবং উৎপাদনক্ষম সদস্য হয়ে উঠতে পারেন। বসুধৈব কুটুম্বকম-এর নৈতিক মান থেকে উৎসারিত বিকাশের অংশীদার হিসেবে ভারত তার মানবিক সহায়তার হাত প্রসারিত করে আসছে।

3. এই পরিপ্রেক্ষিতে, 5 ই অগাস্ট 2020 তারিখে এমইএ এবং বিএমভিএসএস -এর মধ্যে চুক্তির মেয়াদ আগামী 2023 পর্যন্ত আরও 3 বছরের জন্য বৃদ্ধি করা হল। পররাষ্ট্র বিষয়ক মন্ত্রকের তরফ থেকে শ্রী রাহুল ছাবরা, সচিব(ইআর), এবং বিএমভিএসএস-এর তরফ থেকে শ্রী সতীশ মেহেতা এই চুক্তিপত্রে স্বাক্ষর করেন।

নিউ দিল্লি

অগাস্ট 05, 2020

DISCLAIMER : This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.